

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ  
বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি)  
বিদ্যুৎ ভবন, ১ নং আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।

নং-২৭.০৩.০০০০.০০১.৩১.০০১.১৫-২৩


তারিখঃ ১৫ মে, ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে **বিদ্যুৎ ও** নবায়নযোগ্য **জ্বালানি** ক্ষেত্রে তরুণ প্রকৌশলী ও তাদের উদ্ভাবনকে সম্পৃক্ত করার বিষয়টি পর্যালোচনার জন্য আয়োজিত গোল টেবিল বৈঠকের নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল এবং ইঞ্জিনিয়ারিং স্টুডেন্টস এসোসিয়েশন অফ বাংলাদেশ (এসাব) এর যৌথ উদ্যোগে বিদ্যুৎ ও জ্বালানি ক্ষেত্রে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে তরুণ প্রকৌশলী এবং তাদের উদ্ভাবনসমূহকে সম্পৃক্ত করার বিষয়টি পর্যালোচনার জন্য আগামী **১৭ মে, ২০১৬ তারিখে** (বিদ্যুৎ ভবন, ১১ তলা, **রুম নং-১১১৬, ১, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা**) **বেলা ৩ টায়** একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করা হয়েছে। “Industry, Academia & GoB Collaboration: Incubating Youth Innovation - Unlocking the untapped Potential of Power & Energy Sector of Bangladesh” শীর্ষক উক্ত গোল টেবিল বৈঠকে সভাপতিত্ব করবেন মাননীয় বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এমপি। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. জৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম উক্ত সভায় উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

বাংলাদেশের তরুণ প্রকৌশলীদের নিত্যনতুন উদ্ভাবনসমূহের সঠিক পরিচর্যা নিশ্চিতকরণ এবং তাদেরকে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার জন্য সরকার, একাডেমিয়া এবং ইন্ডাস্ট্রিস সহযোগিতায় একটি ইকোসিস্টেম গড়ে তোলা একান্ত প্রয়োজন। এ ইকোসিস্টেম এর একটি রূপরেখা প্রণয়নে এ গোলটেবিল বৈঠকটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে যার মাধ্যমে ইকোসিস্টেমের মূল অংশগুলো চিহ্নিত করা সম্ভব হবে এবং সে অনুযায়ী কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব হবে।

উক্ত আলোচনা সভায় আপনার সদয় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হচ্ছে। এ সংক্রান্ত সার্বিক সমন্বয় সাধনের জন্য জনাব মোঃ আরিফ রায়হান মাহি, নির্বাহী পরিচালক, এসাব ইনোভেশন সেন্টার (ফোন: ০১৭২৩৭৫১২৮৯, ই-মেইল: [maahi@esab.org.bd](mailto:maahi@esab.org.bd)) দায়িত্ব পালন করবেন। প্রয়োজনে তার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হলো।

  
(মোঃ আলতাফ হোসেন) <sup>১৭/৫/১৬</sup>

সচিব (উপ-সচিব), ইপিআরসি

ফোনঃ ৯৫৭৮৩০০

ই-মেইল:dseprc@pd.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, ইপিআরসি ও অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ।
- ৫। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা), ঢাকা।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ৯। জনাব সিদ্দিক জোবায়ের, সদস্য, ইপিআরসি ও সদস্য (জ্বালানি সংরক্ষণ), শ্রেডা, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
- ১০। যুগ্ম সচিব (নবায়নযোগ্য জ্বালানি), বিদ্যুৎ বিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। জনাব এ কে এম হুমায়ুন কবির, সদস্য, ইপিআরসি ও যুগ্ম-সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
- ১২। জনাব প্রণব কুমার ঘোষ, সদস্য, ইপিআরসি ও যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ১৩। জনাব এ বি এম মিজানুর রহমান, সদস্য, ইপিআরসি ও সদস্য, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ১৪। জনাব মিনহাজ উদ্দিন আহমেদ, সদস্য, ইপিআরসি ও সদস্য, কোম্পানী এফেয়ার্স বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ১৫। মহা পরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ঢাকা।